



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক নং-ক/অ/

তারিখঃ

প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

প্রাপক অধ্যক্ষ,  
বীর মুক্তিযোদ্ধা আসাদুজ্জামান কলেজ  
ডাক : নহাটা, উপজেলা : মহম্মদপুর,  
জেলা : ~~খুলনা~~ **মাগুরা।**

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র : আপনার ১৪-০৫-২০১৪ তারিখের আবেদন।

জ্ঞাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনাকে জানান যাচ্ছে যে, নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে আপনার কলেজের উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক, ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান বিভাগের স্বীকৃতির মেয়াদ ০১-০৭-২০১৪ হতে ৩০-০৬-২০১৮ পর্যন্ত অর্থাৎ ০৪ (চার) বৎসরের জন্য বৃদ্ধি করা হল। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, আপনার কলেজের পরবর্তী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির বিষয়ে নিম্নোক্ত শর্তাবলী পূরণ এবং অন্যান্য কার্য সমন্ধে সন্তোষজনক রিপোর্টের উপর নির্ভর করবে।

- ১) আবশ্যিক বিষয় সমূহ : বাংলা, ইংরাজী ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)
- ২) নৈর্বাচনিক বিষয় সমূহ :
  - ক) মানবিক বিভাগ : অর্থনীতি, যুক্তি বিদ্যা, সমাজ বিজ্ঞান, ভূগোল, ।
  - খ) ব্যবসায় শিক্ষা শাখা : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, কৃষি শিক্ষা ।
  - গ) বিজ্ঞান বিভাগ : পদার্থ, রসায়ন, জীববিজ্ঞান, উচ্চতর গণিত ।

**শর্তাবলীঃ**

- ১। প্রতি বিভাগে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে।
- ২। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল আরো সন্তোষজনক হতে হবে।
- ৩। যথাযথ মর্যাদায় জাতীয় দিবস গুলি উদযাপন করতে হবে।
- ৪। শিক্ষার্থীদের মাঝে ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
- ৫। কলেজ চত্বরে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে ও পরিচর্যা করতে হবে।
- ৬। কলেজ সীমানা প্রাচীর নির্মান করতে হবে।
- ৭। কলেজের জমি কলেজের নামে নাম পত্তন করে খাজনা পরিশোধের দাখিলা ০১(এক) বছরের মধ্যে জমা ও কলেজের অবকাঠামো উন্নয়ন করতে হবে।

*(Signature)*

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।  
ফোন-০৪২১-৬৮৬৩৮

তারিখঃ ২/৭/১৪

স্মারক নং-ক/অ/১৬৫০(৭)/১৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৫। সেকশন অফিসার, পরীক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। অফিস নথি।

*(Signature)*  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোন-০৪২১-৬৮৬৩৮

*(Signature)*